

প্রেস রিলিজ:

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ স্থানীয় কর্তৃপক্ষ খাতে ২য় সর্বোচ্চ আয়কর প্রদানকারী প্রতিষ্ঠান



ঢাকা, বুধবার, ২৪ নভেম্বর ২০২১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সোনার বাংলা বিনির্মাণে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ নিয়মিত কর প্রদান করে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ২০২০-২১ কর বছরে “স্থানীয় কর্তৃপক্ষ খাতে ২য় সর্বোচ্চ আয়কর প্রদানকারী” নির্বাচিত হয়েছে। সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মোঃ আবু বকর ছিদ্দীক এর পক্ষে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (অর্থ ও হিসাব) জনাব মোঃ রুপম আনোয়ার জাতীয় রাজস্ব বোর্ড এর চেয়ারম্যান জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম এর নিকট হতে ট্যাক্স কার্ড ও সম্মাননাপত্র গ্রহণ করেন। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ দেশের গুরুত্বপূর্ণ মেঘাপ্রকল্পসমূহ বাস্তবায়ন করে চলছে।